তামাক সেবনে বিশ্ব ৮০ লক্ষ, শুধু ধুমপানে ১২ লক্ষ মানুষ মারা যায়

আইয়ুব আলী ময়মনসিংহ :: বিশ্ব তামাকমুক্ত দিবসে ময়মনসিংহে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় জানানো হয়, তামাকের নিকোটিন স্নায়ুর ক্ষতি করে। রক্তের মাধ্যমে মস্তিষ্কে প্রবেশ করে, তৈরি হয় আসক্তি। দেশে চারকোটি মানুষ অধুমপায়ী ধুমপানের পরোক্ষ স্বিকার হন। দেশে তামাক সেবনে দেড়লক্ষাধিক মানুষ মারা যায়। তামাক সেবনের ফলে বিশ্বে ৮০ লক্ষ মানুষ মারা যায়। তন্মধ্যে ধুমপানের কারনে মারা যায় ১২ লক্ষ মানুষ।

বিড়ি সিগারেট, খৈনা,সাদাপাতা গুল, জর্দা, ও পাইপের মাধ্যমে ধুমপান করা হয়ে থাকে। ধুমপানের ফলে ফুসফুস, ক্রনিক ব্রংকাইটিস,ফুসফুসে ক্যান্সার হার্টের করোনারি ক্ষতিগ্রস্ত করে। মানুষ স্ট্রোক, হার্ট অ্যাটাক, উচ্চ রক্তচাপসহ জটিল রোগের সৃস্টি হয়। এছাড়া মুখের ভিতর ক্যান্সার সৃষ্টি,
গর্ভবতী নারিদের গর্ভপাত ঘটে, অপরিপক্ক সন্তান জন্ম দিয়ে থাকে।

আজ শনিবার (৩১ মে) বিশ্ব তামাকমুক্ত দিবসে এক আলোচনা সভায় এসব তথ্য ওঠে এসেছে। এবিষয়ে মুল প্রবন্ধ উপস্থাপন করেন ময়মনসিংহ বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)ডা: প্রদীপ কুমার সাহা।
অনুষ্টানের প্রধান অতিথি ময়মনসিংহের বিভাগীয় কমিশনার মো মোখতার আহমেদ বলেন, ধুমপান একটি অপব্যায়। সৃষ্টি কর্তা অপব্যয়কারিকে শয়তানের ভাই বলে অভিহিত করেছেন। তামাক হচ্ছে শয়তানের প্রলোভন। তাই শয়তানের প্রলোভন থেকে বাচানোর জন্য যেতে হবে অধুমপায়ীদের কাছে। শিক্ষা প্রতিষ্ঠনের দু”শ গজের মধ্যে ধুমপান জাতিয় দ্রব্য বিক্রি করা যাবে না। সিনেমা হল, পার্ক ও জনবহুল এলাকায় ধুমপান নিষিদ্ধ করতে হবে।
আলোচনা সভায় সরকারি কর্মকর্তা, শিক্ষক চিকিৎসক, নারকোটিক্স বিভাগ এনজিও, ধুমপান উৎপাদনকারী এবং ধুমপান প্রতিরোধকারী সংগঠনের প্রতিনিধি, সাংবাদিকসহ বিভিন্ন স্টেকহোল্ডারের প্রতিনিধিগন উপস্থিত ছিলেন। এর আগে একটি বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়েছে। সকালে নগরীর টাউন হল প্রাঙ্গণে বেলুন উড়িয়ে র্যালীর উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার মোখতার আহমেদ। র্যালীটি

নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

পরে অনুষ্ঠিত আলোচনা সভায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার জিয়া আহমদ সুমনের সভাপতিত্বে বক্তব্য রাখেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার তাহমিনা আক্তার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উম্মে হাবীবা মীরা, বিএমএ জেলা সাধারণ সম্পাদক ডা. মোহাম্মদ আলী সিদ্দিকী, ময়মনসিংহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংবাদিক ইউনিয়ন ময়মনসিংহের সভাপতি আইয়ুব আলী, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা সভাপতি অলিউল্লাহ।